

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৬

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكِ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَالِبٍ ـ أَخْبَرَهُ عَنْ أَبِي وَاقِدٍ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَالِبٍ ـ أَخْبَرَهُ عَنْ أَبِي وَاقِدٍ اللَّهِ بْنِ أَبِي طَالِبٍ ـ أَخْبَرَهُ عَنْ أَبِي وَاقِدٍ اللَّيْثِيّ:

إن رسول الله صلى الله عليه وسلم بَيْنَمَا هُوَ جَالِسٌ فِي الْمَسْجِدِ وَالنَّاسُ مَعَهُ إِذْ أَقْبَلَ ثَلَاثَةُ نَفَرٍ فَأَقْبَلَ اثْنَانِ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَذَهَبَ وَاحِدٌ فَلَمَّا وَقَفَا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَلَّمَا فَأَمَّا أَحَدُهُمَا فَرَأَى فُرجة فِي الْحَلْقَةِ فَجَلَسَ فِيهَا رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الثَّالِثُ فَأَدْبَرَ ذَاهِبًا فَلَمَّا فَرَأَى نُسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ:

(أَلَا أُخْبِرُكُمْ عَنِ النَّفَرِ التَّلَاتَةِ: أَمَّا أَحَدُهُمْ فَأَوَى إِلَى اللَّهِ فَآوَاهُ اللَّهُ وَأَمَّا الآخر فاستحيا فاستحيا اللَّهُ مِنْهُ وَأَمَّا الْآخَرُ فَأَعْرَضَ فَأَعْرَضَ اللَّهُ عنه) [ص: 203]

[تعليق الشيخ الألباني]

صحيح: ق.

الحديث: 86 | الجزء: 1 | الصفحة: 202

বাংলা

ذِكْرُ أَمَانِ اللَّهِ جَلَّ وَعَلَا مِنَ النَّارِ مَنْ أَوَى إِلَى مَجْلِسِ عِلْمٍ وَنِيَّتُهُ فِيهِ صحيحة

যে ব্যক্তি বিশুদ্ধ নিয়তসহ কোন ইলমের মজলিসের দিকে গমণ করে, আল্লাহ জাল্লা ওয়া আলা তাকে জাহান্নামের অগ্নি থেকে নিরাপদ রাখেন- এ সম্পর্কিত বর্ণনাঃ



৮৬. আবৃ ওয়াকিদ লায়সী (রাযি.) হতে বর্ণিত। একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম মসজিদে লোকদের সাথে বসে ছিলেন। এমতাবস্থায় তিনজন লোক এলেন। তাঁদের দু'জন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট এগিয়ে এলেন আর একজন চলে গেলেন। এরপর দুজন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট এসে সালাম দিলেন। এরপর এ দু'জনের একজন মজলিসে খালি স্থান পেয়ে সেখানে বসে পড়লেন। দ্বিতীয় ব্যক্তি তাদের পেছনে বসলেন। আর তৃতীয় ব্যক্তি তো ফিরে চলেই গেছে। আল্লাহর রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম কথাবার্তা হতে অবসর হয়ে বললেনঃ আমি কি তোমাদের ঐ তিন ব্যক্তি সম্পর্কে খবর দেব না? এক ব্যক্তি তো আল্লাহর দিকে অগ্রসর হলো। আল্লাহও তাকে আশ্রয় দিলেন। দ্বিতীয় ব্যক্তি (ফিরে যেতে) লজ্জাবোধ করলো, আর আল্লাহ তা'আলাও তাকে (বঞ্চিত করতে) লজ্জাবোধ করলেন। তৃতীয় ব্যক্তি মুখ ফিরিয়ে নিল, কাজেই আল্লাহও তার হতে ফিরে থাকলেন।[1]

## ফুটনোট

[1] আলবানী: সহীহ।

আরনাউত্ব: বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী সহীহ।

তাখরীজ: বাগাবী, শারহুস সুন্নাহ ৩৩৩৪; বুখারী, ৬৬; মালিক, মুয়াত্তা, ৩/১৩২;মুসলিম ২১৬৭; তিরমিযী ২৭২৪;

আহমাদ ৫/২১৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ ওয়াকিদ আল-লায়সী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন